# লেকচার ১০

## ♦ কারক ও বিভক্তি

## কারক ও বিভক্তি

**প্রাথমিক আলোচনা**

কারক শব্দের অর্থ, যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে অন্য পদের যে সম্বন্ধ হয় তাকে কারক বলে।

কারক শব্দের গঠন- কৃ + ণক (অক) = কারক।

যেমন-'রনি ফুটবল খেলছে' এখানে 'খেলছে' একটি ক্রিয়াপদ। 'খেলছে' ক্রিয়াপদের সঙ্গে 'রনি' নামক নামপদের সম্বন্ধ হয়েছে। এই সম্বন্ধ বা সম্পর্কই কারক।

## কারকের প্রকারভেদ

**কারক ছয় প্রকার। যথা:**

১। কর্তাকারক (পূর্বে ছিল কর্তৃকারক) ২। কর্মকারক

৩। করণ কারক ৪। অপাদান কারক

৫। অধিকরণ কারক

৬। সম্বন্ধ কারক (নবম-দশম শ্রেণীর বোর্ড বইয়ে নতুন সংযোজন)

**বিভক্তি :** বাক্যের বিভিন্ন পদ বিশ্লেষণ করলে তার দুটি অংশ পাওয়া যায় এর একটি শব্দ অপরটি বিভক্তি। বিভক্তি বলতে সেসব বর্ণ বা বর্ণসমষ্টি বোঝায় যেগুলো শব্দের সাথে যুক্ত হয়ে বাক্য গঠনের জন্যে পদ সৃষ্টি করে এবং ক্রিয়াপদের সাথে অন্য পদের সম্পর্ক নির্ণয় করতে সাহায্য করে।

যেমন- কলমে লেখ। এখানে 'কলম' এর সঙ্গে 'এ' বিভক্তি যুক্ত হয়েছে।

**বিভক্তির প্রকারভেদ :** বিভক্তিগুলোকে তিন ভাগে ভাগ করা হয়েছে (নবম-দশম শ্রেণির নতুন বোর্ড বই অনুযায়ী)।

ক. -এ, -দে, -য় বিভক্তি

খ. -কে, -রে বিভক্তি

গ. -র, -এর, -য়ের বিভক্তি

তবে পূর্বে বিভক্তি ছিল সাত প্রকার। বিভক্তির প্রকারভেদ এবং বিভক্তি নির্ণয়ের কৌশল নিম্নের ছকের মাধ্যমে উল্লেখ করা হল-

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| প্রথমা/শূন্য | শূন্য / 'অ' | রা, এরা |
| দ্বিতীয়া | কে/ রে/ এরে/ | দিগে/ দিগকে / দিগেরে/ দের/ গুলিকে/ গুলোকে/ বৃন্দকে |
| তৃতীয়া | দ্বারা/ দিয়ে/কর্তৃক | দিগের দিয়া/ দের দিয়া/দিগ কতৃক/গুলির দ্বারা/ গুলি কর্তৃক/ গুলো দিয়ে |
| চতুর্থী | দ্বিতীয়ার মতো এবং তরে, জন্যে | দ্বিতীয়ার মত এবং দের তরে, দের জন্য |
| পঞ্চমী | হইতে/ থেকে/ চেয়ে | দিগ হইতে/দের হইতে/গুলির চেয়ে |
| ষষ্ঠী | র/ এর/ কার/ কের | দিগের/দের/গুলির/ গণের/ বৃন্দের |
| সপ্তমী | তে/ এ/ য়/ এতে/ কাছে/ মধ্যে | দিগে/ দিগেতে/ গুলিতে/ গণে/ গুলোতে |

## ■ কর্তৃকারক

বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্তৃকারক বলে। যেমন-

ক) মিতা নাচে। [ মিতা কর্তৃকারক ]

খ) হাবিব কবিতা লেখে। [ হাবিব কর্তৃকারক ]

**কর্তৃকারকের প্রকারভেদ-**

১) ক্রিয়া সম্পাদনের বৈচিত্র্য ও বৈশিষ্ট্য অনুযায়ী কর্তৃকারক চার প্রকার। যথা-

**মুখ্য কর্তা:** যে নিজেই ক্রিয়া সম্পাদন করে তাকে মুখ্য কর্তা বলে।
যেমন– সুমন ক্রিকেট খেলছে।

**প্রযোজক কর্তা:** মূল কর্তা যখন অন্যকে দিয়ে কোন কাজ করায় তখন তাকে প্রযোজক কর্তা বলে। যেমন- শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন।

**প্রযোজ্য কর্তা:** মূল কর্তার করণীয় কার্য যাকে দিয়ে সম্পাদিত হয় তাকে প্রযোজ্য কর্তা বলে।
যেমন- মা ছেলেকে ভাত খাওয়াচ্ছেন।

**ব্যতিহার কর্তা:** কোন বাক্যে যখন দুজন কর্তা একত্রে একজাতীয় কাজ করে তখন তাকে ব্যতিহার কর্তা বলে। যেমন- রাজায় রাজায় লড়াই। বাঘে-মহিষে একই ঘাটে জল খায়।

বাক্যের প্রকাশভঙ্গি অনুযায়ী কর্তা তিন প্রকারের হতে পারে। যথা–

ক) কর্মবাচ্যের কর্তা (কর্মপদ প্রাধান্য পায়)।
যেমন- পুলিশ দ্বারা চোর ধৃত হয়েছে।

খ) ভাববাচ্যের কর্তা (ক্রিয়ার প্রাধান্যসূচক বাক্য)।
যেমন– আমার যাওয়া হবে না।

গ) কর্ম-কর্তৃবাচ্যের কর্তা (কর্মপদই কর্তৃস্থানীয়)।
যেমন- ঘড়িটা চলে ভাল।

**কর্তা কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

- **প্রথমা (শূন্য) বিভক্তি:**
  - ☞ রাফি বই পড়ে।
  - ☞ মামা ঢাকা গেছে।
  - ☞ জল পড়ে, পাতা নড়ে।
- **দ্বিতীয়া বিভক্তি:**
  - ☞ আমাকে যেতে হবে।
  - ☞ সোহানকে যেতে হবে।
- **তৃতীয়া বিভক্তি:**
  - ☞ তোমার দ্বারা এ কাজ হবে না সাধন।
  - ☞ ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।
  - ☞ রাম কর্তৃক রাবণ নিহত হয়েছিল।
- **চতুর্থী বিভক্তি:**
  - ☞ আমাকে ভিক্ষা নেওয়া মানাবে না।
- **পঞ্চমী বিভক্তি:**

☞ আমা হতে হবে না এ কাজ সাধন।

◻ **ষষ্ঠী বিভক্তি:**

☞ আমার যাওয়া হয়নি।

☞ আমার খাওয়া হয়নি।

◻ **সপ্তমী বিভক্তি:**

☞ আমায় তুমি রক্ষা কর।

☞ বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দিব কীসে?

☞ অন্ধজনে বন্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে।

## কর্ম কারক

যাকে আশ্রয় করে বা অবলম্বন করে ক্রিয়া সম্পাদিত হয় তাকে কর্মকারক বলে। যেমন-

ক) মামুন পত্রিকা পড়ে [পত্রিকা কর্মকারক]

খ) ঝুমুর ছবি আঁকছে [ছবি কর্মকারক]

**কর্মকারক দুই প্রকার-** ক) মুখ্যকর্ম খ) গৌণকর্ম

কখনও কখনও কোন ক্রিয়ার দুটি করে কর্ম থাকে। দুটির মধ্যে ক্রিয়াপদের সাথে যার মুখ্য সম্বন্ধ থাকে তাকে মুখ্যকর্ম বলে এবং ক্রিয়াপদের সাথে যার গৌণ সম্বন্ধ থাকে তাকে গৌণকর্ম বলে। সাধারণত মুখ্য কর্ম বস্তু বাচক ও গৌণ কর্ম প্রাণিবাচক হয়। গৌণ কর্মে বিভক্তি হয়। মুখ্য কর্মে হয় না।

যেমন- মা শিশুকে (গৌণ) চাঁদ (মুখ্য) দেখাচ্ছেন।

## কর্ম কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

◻ **প্রথমা বিভক্তি:**

☞ ডাক্তার ডাক।

☞ শুক্রবার স্কুল বন্ধ।

☞ আমি বই পড়ি।

☞ হামীম বই পড়ে।

☞ রবীন্দ্রনাথ পড়লাম,নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না।

◻ **দ্বিতীয়া বিভক্তি:**

☞ বাঁধনকে রাফি গতকাল মেরেছে।

☞ রেখো মা দাসেরে মনে।

☞ তাকে বল।

☞ আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা।

◻ **ষষ্ঠী বিভক্তি:**

☞ তোমার দেখা পেলাম না।

☞ আমাদের একটি গল্প বলুন।

◻ **সপ্তমী বিভক্তি:**

☞ গুণহীনে ত্যাগ কর।

☞ জিজ্ঞাসিবে জনে জনে।

☞ আমার গানের মালা আমি করব কারে দান।

নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ অনুযায়ী সম্প্রদান কারককে কর্ম কারকের অন্তর্ভুক্ত করা হয়েছে। সংস্কৃত সম্প্রদান কারক রয়েছে।

বাংলাতে সম্প্রদান কারক ও কর্ম কারকের মধ্যে তেমন কোনো পার্থক্য নেই। বিধায়, সম্প্রদান কারক এখন কর্ম কারক হিসেবে গণ্য হবে। তবে প্রশ্নে যদি কর্ম কারক না থাকে সেক্ষেত্রে সম্প্রদান কারক দিতে হবে। পূর্বে যে-সব বাক্য সম্প্রদান কারক হিসেবে প্রচলিত ছিল তার উদাহরণ নিম্নে দেওয়া হলো:

◻ **শূন্য বিভক্তি:**

☞ আলো চাই, অন্ন চাই, চাই মুক্তবায়ু।

☞ দিব তোমা শ্রদ্ধাভক্তি।

☞ ভিক্ষা দাও দুয়ারে দাঁড়ায়ে ভিক্ষুক।

◻ **চতুর্থী বিভক্তি:**

☞ দেশের জন্য প্রাণ দাও।

☞ ভিক্ষুককে ভিক্ষা দাও।

☞ তোমার পতাকা যারে দাও, তারে বহিবারে দাও শক্তি।

◻ **ষষ্ঠী বিভক্তি:**

☞ তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি।

☞ দেশের জন্য প্রাণ দাও।

◻ **সপ্তমী বিভক্তি:**

☞ সৎপাত্রে কন্যা দান কর।

☞ পলাতক দাসে দাও স্বাধীনতা।

☞ সমিতিতে চাঁদা দাও।

## করণ কারক

করণ শব্দের অর্থ যন্ত্র / সহায়ক / উপায়। অর্থাৎ যা দিয়ে ক্রিয়া সম্পাদন হয় তাকে করণ কারক বলে। যেমন-

ক) আমরা কানে শুনি [ 'কানে' করণ কারক ]

খ) মন দিয়ে বিদ্যা অর্জন কর [ 'মন' দিয়ে করণ কারক ]

## অপাদান কারক

যে কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়, তাকে অপাদান কারক বলে। এই কারকে সাধারণত 'হতে', 'থেকে' ইত্যাদি অনুসর্গ শব্দের পর বসে। যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে।

| অপাদান | প্রয়োগ |
|---|---|
| বিচ্যুত | গাছ থেকে পাতা পড়ে। মেঘ থেকে বৃষ্টি পড়ে। |
| গৃহীত | শুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়। |
| জাত | জমি থেকে ফসল পাই। খেজুরের রসে গুড় হয়। টাকায় টাকা হয়। |
| বিরত | পাপে বিরত হও। |
| দূরীভূত | দেশ থেকে পঙ্গপাল চলে গেছে। |
| রক্ষিত | বিপদে মোরে রক্ষা কর। |
| আরম্ভ | সোমবার থেকে পরীক্ষা শুরু। |
| ভীত | আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে।<br>বাঘকে ভয় পায় না কে? |
| স্থান ত্যাগ | গাড়ি স্টেশন ছাড়ে। |
| দর্শন | ছাদ থেকে নদী দেখা যায়। |
| শ্রুত | লোকমুখে খবর পেলাম। |

## অপাদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:

**প্রথমা বিভক্তি:**
- স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।
- মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন।

**দ্বিতীয়া বিভক্তি:**
- সে তোমাকে ভয় পায়।
- বাবাকে ভয় পায়।
- ভূতকে আবার কীসের ভয়।

**পঞ্চমী বিভক্তি:**
- কালো মেঘ থেকে বৃষ্টি হয়।
- ধর্ম থেকে বিচলিত হয়ো না।
- ধন হইতে সুখ হয় না।

**ষষ্ঠী বিভক্তি:**
- বর্ষাকালে সাপের ভয়।
- বাদলের ধারা ঝড়ে ঝরঝর।

**সপ্তমী বিভক্তি:**
- টাকায় টাকা হয়।
- মেঘে বৃষ্টি হয়।
- পাপে বিরত হও।

ক) বস্তুর রূপান্তর ঘটলে অপাদান কারক হয়।
যেমন– তিলে তৈল হয়।

খ) ভিতর থেকে বাইরে গেলে অপাদান কারক হয়।
যেমন– স্কুল পালানো ভাল নয়।

**বিঃদ্রঃ বাইরে থেকে ভেতরে গেলে অধিকরণ কারক হয়।**
যেমন– আমি স্কুলে যাব।

গ) দূরত্ব বোঝালে অপাদান কারক হয়।
যেমন– ঢাকা থেকে যশোর তিনশো কিলোমিটার দূরে।

ঘ) তারতম্য বোঝালে অপাদান কারক হয়।
যেমন– মেহেদীর চেয়ে হাসান লেখাপড়ায় ভাল।

ঙ) কালবাচক শব্দের ক্ষেত্রে অপাদান কারক হয়।
যেমন– তিন দিন ধরে আমি জ্বরে ভুগছি।

চ) আধার– স্বর্গ থেকে পুষ্প বর্ষিত হল।

## ■ অধিকরণ কারক

যে স্থানে বা যে সময়ে ক্রিয়া সম্পাদিত হয় তাকে অধিকরণ কারক বলে।
যেমন– পড়ুয়ারা ক্লাসে পড়ে ['ক্লাসে' অধিকরণ কারক]
অধিকরণ কারকের প্রকারভেদ– অধিকরণ কারক তিন প্রকার। যথা–
ক) কালাধিকরণ খ) আধারাধিকরণ গ) ভাবাধিকরণ

**ক) কালাধিকরণ:** ক্রিয়া সম্পাদনের কালকে/সময়কে প্রকাশ করে।
(যেমন– ক) কাল সকালে এসো। খ) বসন্তে ফুল ফোটে।

**খ) আধারাধিকরণ:** ক্রিয়া সম্পাদনের স্থানকে প্রকাশ করে।
যেমন– ক) পুকুরে মাছ আছে। খ) তুমি এই পথে যেয়ো।

**গ) ভাবাধিকরণ:** যদি কোন ক্রিয়াবাচক বিশেষ্য অন্য কোন ক্রিয়ার কোনরূপ অভিব্যক্তি প্রকাশ করে তখন তাকে ভাবাধিকরণ বলে।
যেমন– ক) সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।
খ) কান্নায় শোক মন্দীভূত হয়।

ভাবাধিকরণ কারকে সবসময় ৭মী বিভক্তি থাকে বলে ইহাকে ভাবে ৭মী বলা হয়।

**আধারাধিকরণ আবার তিন প্রকার:** যথা–

ক) ঐকদেশিক-বিরাট স্থানের কোন এক অংশ জুড়ে থাকে।
**যেমন:** আকাশে মেঘ আছে, পুকুরে মাছ আছে।

খ) অভিব্যাপক– সমস্ত স্থান জুড়ে থাকে।
**যেমন:** তিলে তৈল আছে, ঘরে আলো আছে।

গ) বৈষয়িক– বিষয়ভিত্তিক বা বিশেষ বিষয়ে পরাদর্শী বোঝাতে।
**যেমন:** তুষার রাজনীতিতে খুব দক্ষ। রাহাত অংকে ভালো কিন্তু ইংরেজিতে দুর্বল।

**✪ বৈষয়িক অধিকরণ:**

| | |
|---|---|
| ০১. শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে। | অধিকরণে ৭মী। |
| ০২. পাঠে মনোযোগ দাও। | অধিকরণে ৭মী। |
| ০৩. পড়াতে তার মন বসে না। | অধিকরণে ৭মী। |
| ০৪. ত্যাগে তিনি নিরহঙ্কার। | অধিকরণে ৭মী। |
| ০৫. তাহার ধর্মে মতি আছে। | অধিকরণে ৭মী। |
| ০৬. কাজে মন দাও। | অধিকরণে ৭মী। |
| ০৭. সৌন্দর্যে কার না রুচি আছে। | অধিকরণে ৭মী। |
| ০৮. অতিবড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ। | অধিকরণে ৭মী। |

**✪ ভাবাধিকরণ:**

১. কান্নায় শোক মন্দীভূত হয়। ভাবে ৭মী।
২. আলোয় আঁধার কাটে। ভাবে ৭মী।

## ■ সম্বন্ধ কারক

যে কারকে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে বিশেষ্য ও সর্বনামের সম্পর্ক নির্দেশিত হয়, তাকে সম্বন্ধ কারক বলে। এই কারকে ক্রিয়ার সঙ্গে সম্পর্ক পরোক্ষ। এই কারকে শব্দের সঙ্গে '-র', '-এর', '-য়ের', '-কার', '-কের' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। যেমন-
ফুলের গন্ধে ঘুম আসে না।
আমার জামার বোতামগুলো একটু অন্য রকম।
তখনকার দিনে পায়ে হেঁটে চলতে হতো মাইলের পর মাইল।

## ■ সম্প্রদান কারক

**(নবম-দশম শ্রেণীর নতুন বোর্ড বইয়ে এই অংশটুকু বাদ দেওয়া হয়েছে)**

যাকে স্বত্ব ত্যাগ করে কোন কিছু দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা বোঝায় তাকে 'সম্প্রদান কারক' বলে। যেমন- ভিখারীকে ভিক্ষা দাও। এ বাক্যে ভিখারিকে স্বত্ব ত্যাগ করেই দান করা হয়- তাই 'ভিখারিকে' সম্প্রদান কারক। 'কাকে' এ প্রশ্ন করে ক্রিয়াপদের সাথে সম্প্রদান কারকের সম্পর্ক বের করতে হয়। গরিবকে কাপড় দাও। এখানে কাকে দেবে? 'গরীবকে'। ফলে গরীবকে সম্প্রদান কারক।

**✪ স্বত্ত্বহীন দান**

| | |
|---|---|
| ১. সমিতিতে চাঁদা দাও। | সম্প্রদানে ৭মী। |
| ২. সৎপাত্রে কন্যা দান কর। | সম্প্রদানে ৭মী। |
| ৩. ভিখারীকে ভিক্ষা দাও। | সম্প্রদানে ৪র্থী। |

**✪ নিঃস্বার্থ কাজ**

| | |
|---|---|
| ১. আমায় একটু আশ্রয় দিন। | সম্প্রদানে ৭মী। |
| ২. গুরুজনে কর নতি। | সম্প্রদানে ৭মী। |

**✪ নিমিত্তার্থে সম্প্রদান**

| | |
|---|---|
| ১. সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু। | নিমিত্তার্থে ৬ষ্ঠী। |
| ২. বেলা যে পড়ে এলো জলকে চল। | নিমিত্তার্থে ৪র্থী। |
| ৩. তারা তীর্থে যাত্রা করল। | সম্প্রদানে ৭মী |

## আলোচ্য টপিক থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

১. ‘কারক’ (√কৃ + ণক) শব্দটির অর্থ?
ক. যা পদকে সম্পাদন করে খ. যা সমাস সম্পাদন করে গ. যা ক্রিয়া সম্পাদন করে ঘ. যা পদ ও সমাসকে সম্পাদন করে উ: গ

২. ‘কারক’ শব্দের বিশ্লেষণ করলে হয়–
ক. কৃ + ণক খ. কৃ + অক গ. ক + আরক ঘ. কার + অক উ: ক

৩. বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে?
ক. বিভক্তি খ. কারক গ. প্রত্যয় ঘ. অনুসর্গ উ: খ

৪. বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?
ক. বিশেষণ পদের খ. অব্যয় পদের গ. নাম পদের ঘ. ক্রিয়া বিশেষণ পদের উ: গ

৫. কারক কত প্রকার?
ক. চার প্রকার খ. পাঁচ প্রকার গ. ছয় প্রকার ঘ. সাত প্রকার উ: গ

৬. বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদেরকে কী বলে? [প্রাক-প্রাথমিক সহ. শিক্ষক (ঝিলাম): ১৩]
ক. কারক খ. বিভক্তি গ. সমাস ঘ. সম্বন্ধ পদ উ: খ

৭. কোন ক্ষেত্রে বিভক্তির প্রয়োজন হয়?
ক. কারক খ. সন্ধি গ. প্রকৃতি ঘ. সমাস উ: ক

৮. বিভক্তি প্রধানত কত প্রকার?
ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৫ প্রকার ঘ. ৪ প্রকার উ: খ

৯. বিভক্তি কত প্রকার?
ক. ৫ প্রকার খ. ২ প্রকার গ. ৭ প্রকার ঘ. ৩ প্রকার উ: গ

১০. কোনটি প্রথমা বিভক্তির বহুবচন?
ক. এর খ. এরা গ. দিগকে ঘ. দিগের উ: খ

১১. বিভক্তি স্পষ্ট না হলে সেখানে কোন বিভক্তি হয়?
ক. শূন্য বিভক্তি খ. তৃতীয়া বিভক্তি গ. সপ্তমী বিভক্তি ঘ. ষষ্ঠী বিভক্তি উ: ক

১২. অপ্রাণিবাচক শব্দের উত্তর –এ কোন বিভক্তি?
ক. কে খ. রে গ. তে ঘ. শূন্য উ: ঘ

১৩. বাক্যে কোনো পদে যখন কোনো বিভক্তি দৃশ্যমান হয় না, তখন তাকে বলে–
ক. প্রথমা বিভক্তি খ. দ্বিতীয় বিভক্তি গ. তৃতীয়া বিভক্তি ঘ. চতুর্থী বিভক্তি উ: ক

১৪. নিচের কোন বাক্যটিতে শূন্য বিভক্তির ব্যবহার করা হয়নি?
ক. <u>তোমাতে-আমাতে</u> এমন কী তফাত! খ. তোমার বাবা কি <u>বাড়ি</u> আছেন?
গ. দাদা কাল <u>কলকাতা</u> যাবে। ঘ. মেয়েরা <u>টেনিস</u> খেলছে। উ: ক

১৫. দ্বারা, দিয়া, কর্তৃক– বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?
ক. তৃতীয়া বিভক্তি খ. প্রথমা বিভক্তি গ. দ্বিতীয়া বিভক্তি ঘ. শূন্য বিভক্তি উ: ক

১৬. ‘লোকে কিনা বলে’– বাক্যে ‘লোক’ শব্দের সাথে কোন বিভক্তি যুক্ত হয়েছে?
ক. -এ খ. -কে গ. -যে ঘ. -তে উ: ক

১৭. নিম্নের কোনটি বিভক্তি নয়?
ক. দ্বারা খ. থেকে গ. চেয়ে ঘ. পর্যন্ত উ: ঘ

১৮. বাক্যের প্রকাশভঙ্গি অনুসারে কর্তা কয় প্রকার?
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৬ উ: খ

১৯. কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?
ক. কোদালে মাটি কাটব খ. জাহাজ চট্টগ্রাম ছাড়ল গ. সাপের হাসি বেদেয় চেনে ঘ. আমারে তুমি রক্ষা করো উ: গ

২০. কোন বাক্যে কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে?
ক. লোভে পাপ, পাপে মৃত্যু খ. লোকে বলে মাঘের শেষে বৃষ্টি হলে দেশের কল্যাণ হয়
গ. রোদে কাপড় শুকায় ঘ. শীত এলে বসন্ত কি দূরে থাকে উ: খ

২১. কোন বাক্যে কর্তায় এ বিভক্তির উদারণ দেওয়া হয়েছে?
ক. অন্ধজনে বদ্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে খ. ঘর ভরেছে অন্ধজনে
গ. হাত বাড়িয়ে কর্মে টানে অন্ধজনে ঘ. অন্ধজনে দেহ আলো উ: ক

২২. বাঘে-মহিষে এক ঘাটে জল খায়। এখানে <u>বাঘে-মহিষে</u> কোন ধরনের কর্তা?
ক. প্রযোজ্য খ. প্রযোজক গ. ব্যতিহার ঘ. মুখ্য উ: গ

২৩. ‘শিক্ষক ছাত্রগণকে ব্যাকরণ পড়াচ্ছেন।’ বাক্যটিতে ‘শিক্ষক’–
ক. মুখ্যকর্তা খ. প্রযোজক কর্তা গ. কর্মবাচ্যের কর্তা ঘ. ব্যতিহার কর্তা উ: খ

২৪. ‘<u>রাজায় রাজায়</u> লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত’– বাক্যটি কোন কর্তার উদাহরণ?
ক. প্রযোজ্য কর্তা খ. ব্যতিহার কর্তা গ. কর্মবাচ্যের কর্তা ঘ. ভাববাচ্যের কর্তা উ: খ

২৫. যাকে উদ্দেশ্য করে ক্রিয়া সম্পাদিত হয় তাকে বলে–
ক. কর্তৃকারক খ. সম্প্রদান কারক গ. কারণ কারক ঘ. কর্মকারক উ: ঘ

২৬. ‘করিমকে রহিম গতকাল মেরেছে’ বাক্যে কর্মকারক সূচক শব্দ কোনটি?
ক. রহিম খ. করিমকে গ. গতকাল ঘ. মেরেছে উ: খ

২৭. ফুলদল দিয়া কাটিলা কি বিধি শাল্মলী তরুবরে?– এখানে কর্মকারক কোনটি?
ক. ফুলদল খ. বিধি গ. কাটিলা ঘ. তরুবরে উ: ঘ

২৮. নিচের কোন বাক্যে বিধেয় কর্ম আছে?
ক. দুধকে আমরা দুগ্ধ বলি খ. লাঙল দ্বারা জমি চাষ হয় গ. জিজ্ঞাসিবে জনে জনে ঘ. তাকে আমরা চিনি উ: ক

২৯. রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন?
ক. করণ কারক খ. সম্প্রদান কারক গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক উ: খ

৩০. কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ?
ক. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক খ. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক গ. ভিক্ষুককে ভিক্ষা দেয় ঘ. ভিক্ষুককে ভিক্ষা দাও উ: ঘ

৩১. "আকাশে চাঁদ উঠেছে।" – এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ?
ক. ভাবাধিকরণ খ. ঐকদেশিক অধিকরণ গ. কালাধিকরণ ঘ. বৈষয়িক উ: খ

৩২. 'ওহে, আমারে ফিরায়ে লহ বসুন্ধরে।' এ বাক্যের 'ওহে'–
ক. কর্তৃকারক খ. কর্মকারক গ. সম্বোধন পদ ঘ. সম্বন্ধ পদ উ: গ

৩৩. 'পরাগ, বইটি দিয়ে যাও' বাক্যে 'পরাগ' কোন পদ?
ক. সম্বোধন পদ খ. সম্বন্ধ পদ গ. বিশেষ্য পদ ঘ. সর্বনাম পদ উ: ক

৩৪. 'সম্বোধন' শব্দের অর্থ–
ক. আহবান খ. নাম গ. পরিচয় ঘ. অভিভাদন উ: ক

৩৫. 'মতিনের ভাই বাড়ি যাবে।' – বাক্যটি কোন পদের উদাহরণ?
ক. সম্বন্ধ পদ খ. বিশেষ্য গ. ক্রিয়া বিশেষণ ঘ. ক্রিয়া পদ উ: ক

৩৬. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত থাকে?
ক. 'য' বা 'তে'/য় খ. 'এ' বা এতে'/এ গ. 'র' বা 'এর'/ও ঘ. 'থেকে' বা 'চেয়ে'/ক উ: গ

৩৭. নিচের যেটি সম্বন্ধ পদের বিভক্তি নয়–
ক. র খ. এর গ. রা ঘ. ও উ: গ

৩৮. আধার-আধেয় সম্বন্ধে হলো–
ক. পুকুরের পানি খ. রাজশাহীর পদ্মা গ. যমুনা-সেতু ঘ. টর্চের আলো উ: ক

৩৯. 'টাকায় কি না হয়?' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৭মী খ. কর্মে শূন্য গ. করণে ৭মী ঘ. কর্তায় ২য় উ: গ

৪০. টাকায় অসাধ্য সাধন হয়– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী উ: খ

৪১. 'তিলে তৈল হয়' কোন কারকে কোন বিবক্তি?
ক. কর্তৃকারকে প্রথমা খ. অপাদানে সপ্তমী গ. সম্প্রদানে চতুর্থী ঘ. অধিকরণে সপ্তমী উ: খ

৪২. 'তিলে তৈল আছে' কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী গ. ক্রিয়ার সপ্তমী ঘ. করণে সপ্তমী উ: খ

৪৩. "রোববার স্কুল বন্ধ" এখানে 'রোববার' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য গ. অধিকরণে শূন্য ঘ. কর্মে শূন্য উ: গ

৪৪. 'সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।'
ক. অধিকরণে সপ্তমী খ. করণে সপ্তমী গ. করণে তৃতীয়া ঘ. অধিকরণে তৃতীয়া উ: ক

৪৫. "স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।" এখানে 'স্কুল' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য গ. করণে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ: খ

৪৬. 'অণুতে গঠিত হিমাচল।'– কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. কর্তায় সপ্তমী গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে সপ্তমী উ: ক

৪৭. "সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা" এই বাক্যে 'ঔষধ' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
ক. কর্মকারকে শূন্য খ. সম্প্রদানে সপ্তমী গ. অধিকরণে শূন্য ঘ. কর্তৃকারকে শূন্য উ: ক

৪৮. 'অন্ধজনে দেহ আলো'– এখানে 'অন্ধজনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে সপ্তমী খ. কর্তৃকারকে শূন্য গ. সম্প্রদানে সপ্তমী ঘ. করণে সপ্তমী উ: গ

৪৯. 'অহঙ্কার পতনের মূল'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ: খ

৫০. 'নেহাল অঙ্কে খুব কাঁচা'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ: ঘ

৫১. 'অর্থ অনর্থ ঘটায়।'– 'অনর্থ' শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় কর।
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. করণে ২য় ঘ. অপাদানে ২য় উ: খ

৫২. 'অনলে পুড়িয়া গেল।'–এখানে 'অনলে' কোন কারক?
ক. করণে ৭মী খ. কর্মে ৩য়া গ. অপাদানে ৭মী ঘ. অপাদানে ৩য়া উ: ক

৫৩. 'আমি সমাজবিজ্ঞান অনুষদে পরীক্ষা দেবো।' এ বাক্যে 'অনুষদে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. করণে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ: ঘ

৫৪. 'অল্পবিদ্যা ভয়ংকরী।' এই বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে শূন্য খ. অধিকরণে ২য় গ. করণে ৭মী ঘ. কর্মে শূন্য উ: ঘ

৫৫. 'আমাদের একটি গল্প বলুন।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ষষ্ঠী খ. কর্মে ২য়া গ. অপাদানে ৫মী ঘ. সম্প্রদানে ষষ্ঠী উ: ক

৫৬. 'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস'– এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী গ. অপাদানে কারকে তৃতীয়া ঘ. অধিকরণ কারকে সপ্তমী উ: ঘ

৫৭. কারক ও বিভক্তি নির্ণয় কর। কাননে কুসুমকলি সকলি ফুটল–
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. করণে দ্বিতীয়া ঘ. অপাদানে দ্বিতীয়া উ: খ

৫৮. 'আমার গানের মালা আমি করব কারে দান' বাক্যে 'কারে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?
ক. করণে সপ্তমী খ. অপাদানে সপ্তমী গ. কর্মে সপ্তমী ঘ. কর্তায় সপ্তমী উ: গ

৫৯. 'কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা।' –'কাব্য' এর কারক ও বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. করণে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ: খ

৬০. "ক্ষুধিতরে অন্ন দাও" এখানে 'ক্ষুধিতরে' শব্দটি কোন কারকে প্রয়োগ করা হয়েছে?
ক. সম্প্রদান শূন্য বিভক্তি খ. নিমিত্তার্থে গ. সম্প্রদান কারকে চতুর্থী ঘ. সম্প্রদানে সপ্তমী উ: ঘ

৬১. "খিলিপান দিয়ে ঔষধ খাবে।" বাক্যে 'খিলিপান দিয়ে' কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে পঞ্চমী খ. অপাদানে পঞ্চমী গ. করণে তৃতীয়া ঘ. অধিকরণে তৃতীয়া উ: ঘ

৬২. 'গাছ হতে ফলটি পড়ল'– কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৬ষ্ঠী খ. করণে ৭মী গ. অপাদানে ৫মী ঘ. কর্মে ২য়া উ: গ

৬৩. 'শিকারি বিড়াল গোঁফে চেনা যায়।'– এই বাক্যে 'গোঁফে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে সপ্তমী গ. অধিকরণে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী উ: ক

৬৪. "গুরুজনে ভক্তি কর।"– 'গুরুজনে' কোন কারক?
ক. কর্তৃকারক খ. করণ কারক গ. কর্মকারক ঘ. সম্প্রদান কারক উ: ঘ

৬৫. 'গুণহীন চিরদিন থাকে পরাধীন।" নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে শূন্য খ. কর্মকারকে শূন্য গ. করণে শূন্য ঘ. অপাদানে শূন্য উ: ক

৬৬. 'ঘোড়া গাড়ি টানে।' এখানে 'গাড়ি'–
ক. কর্মকারক খ. কর্তৃকারক গ. করণ কারক ঘ. অপাদান কারক উ: ক

৬৭. 'ঘোড়ায় চড়িয়ে মর্দ হাটিয়া চলিল।'– এর কারক ও বিভক্তি–
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী গ. অপাদানে ২য়া ঘ. অধিকরণে ৭মী উ: ঘ

৬৮. "ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে।"– 'ঘরেতে' কোন কারক?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৭মী উ: গ

৬৯. 'একবার চোখের দেখাও পেলাম না।'– বাক্যটিতে 'চোখে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণ কারক খ. কর্মকারক গ. অধিকর কারক ঘ. কোনটিই নয় উ: ক

৭০. 'পরীক্ষা আসলে তার চোখে জল ঝরে।'– বাক্যটিতে 'চোখে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণকারকে ৭মী বিভক্তি খ. কর্মকারকে ৭মী বিভক্তি গ. অপাদান কারকে ৭মী বিভক্তি ঘ. অধিকরণ কারকে ৭মী বিভক্তি উ: গ

৭১. 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়' বাক্যে 'ছলনে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী গ. অপাদানে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী উ: ক

৭২. 'ছাদ থেকে পানি পড়ে।' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. অধিকরণে ৭মী গ. অধিকরণে ৫মী ঘ. অপাদানে ৫মী উ: ঘ

৭৩. 'ছাদে পানি পড়ে।' এই বাক্যে নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি–
ক. কর্তায় সপ্তমী খ. করণে সপ্তমী গ. করণে পঞ্চমী ঘ. অধিকরণে সপ্তমী উ: ঘ

৭৪. কারক ও বিভক্তি নির্ণয় করুন : ছাদ থেকে চাঁদ দেখা যায়।
ক. কর্মে সপ্তমী খ. করণে শূন্য গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে পঞ্চমী উ: ঘ

৭৫. ছেলেটি স্কুলে যায়। – এখানে 'ছেলেটি' কোন কারক?
ক. কর্তা খ. কর্ম গ. অধিকরণ ঘ. করণ উ: ক

৭৬. 'জিজ্ঞাসিবে জনে জনে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. করণে পঞ্চমী ঘ. অধিকরণে সপ্তমী উ: খ

৭৭. 'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে' এখানে 'জলে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?
ক. কর্মে শূন্য খ. করণে সপ্তমী গ. কর্মে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ: খ

৭৮. 'ডাক্তার ডাক' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে শূন্য খ. কর্তৃকারকে দ্বিতীয়া গ. কর্মকারকে শূন্য ঘ. অপাদান কারকে শূন্য উ: গ

৭৯. 'আমি ঢাকা যাব।' – 'ঢাকা' কোন কারক?
ক. অপাদান খ. অধিকরণ গ. কর্ম ঘ. করণ উ: খ

৮০. 'ক্রিকেট খেলে কত ছেলে পড়া নষ্ট করে।' বাক্যটিতে 'ক্রিকেট' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে শূন্য খ. কর্মে শূন্য গ. করণে শূন্য ঘ. অপাদানে শূন্য উ: গ

৮১. কোন কারক নির্ণয় করুন : 'রনি তাস খেলে'।
ক. অধিকরণ কারক খ. অপাদান কারক গ. করণ কারক ঘ. কর্তৃ কারক উ: গ

৮২. 'বিন্দু তুলি দিয়ে আঁকছে।' 'তুলি দিয়ে' শব্দটির কারক ও বিভক্তি–
ক. অধিকরণে ৭মী খ. অপাদানে পঞ্চমী গ. করণে তৃতীয়া ঘ. কর্মে শূন্য উ: গ

৮৩. 'সে তিনদিন পথ চললো।'– 'তিনদিন' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. অধিকরণে শূন্য ঘ. করণে শূন্য উ: গ

৮৪. 'প্রফুল্লকে দস্যুতে লইয়া গিয়াছে।' এখানে 'দস্যুতে' কোন কারক?
ক. কর্তৃকারক খ. কর্মকারক গ. করণ কারক ঘ. সম্প্রদান কারক উ: ক

৮৫. 'দুই দণ্ডে চলে যায় দু'দিনের পথ।' এক বাক্যে 'দুই দণ্ডে' কোন কারক?
ক. অধিকরণ খ. অপাদান গ. কর্ম ঘ. করণ উ: ক

৮৬. "রহিম ধোপাকে কাপড় ধুতে দিল" ইহা কোন কারক?
ক. কর্তৃকারক খ. কর্মকারক গ. সম্প্রদান কারক ঘ. অপাদান কারক উ: খ

৮৭. 'ধর্মে তোমার মতি হোক"– বাক্যটির নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. কর্তৃকারকে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ: ঘ

৮৮. **'পুকুরে মাছ আছে' বাক্যে 'পুকুরে' কোন কারকে কোন বিভক্তি?**
ক. করণে সপ্তমী খ. কর্তায় সপ্তমী গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ: ঘ

৮৯. **'আপনি কি পুকুরে গোসল করবেন?'– এখানে 'পুকুর' হলো–**
ক. করণ কারক খ. কর্মকারক গ. কর্তৃকারক ঘ. অধিকরণ কারক উ: ঘ

৯০. **'প্রভাতে উঠিল রবি লোহিত বরণ' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৯]
ক. করণে ৩য়া খ. অপাদানে ৭মী গ. অধিকরণে ৭মী ঘ. কর্তায় ৭মী উ: গ

৯১. **'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ২০১৯]
ক. অধিকরণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী গ. কর্মে সপ্তমী ঘ. অধিকরণে পঞ্চমী উ: ক

৯২. **'আপন পাঠেতে মন কর নিবেশ"– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (ধানসিঁড়ি) : ০৮]
ক. কর্মকারকে তৃতীয়া খ. করণ কারকে পঞ্চমী গ. অপাদান কারকে সপ্তমী ঘ. অধিকরণ কারকে সপ্তমী উ: ঘ

৯৩. **'যখন গড়বে না মোর পায়ের চিহ্ন।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৮]
ক. কর্মকারকে দ্বিতীয়া খ. করণ কারকে ষষ্ঠী গ. অপাদান কারকে ষষ্ঠী ঘ. অধিকরণ কারকে ষষ্ঠী উ: খ

৯৪. **'পাহাড় নাড়ায় সাধ্য কার?'– এখানে 'পাহাড়' শব্দের কারক ও বিভক্তি নির্ণয় কর।**
ক. করণে সপ্তমী খ. করণে শূন্য গ. কর্তৃকারকে শূণ্য ঘ. কর্মকারকে শূন্য উ: ঘ

৯৫. **'পৃথিবীতে কে কাহার?'– এই বাক্যে 'পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তিতে সম্পন্ন?**
ক. অপাদানে পঞ্চমী খ. কর্মে দ্বিতীয়া গ. অধিকরণে সপ্তমী ঘ. করণে তৃতীয়া উ: গ

৯৬. **খালেদ বই পড়ে– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুল) : ১২]
ক. করণে শূন্য খ. অধিকরণে শূন্য গ. কর্মে শূন্য ঘ. অপাদানে শূন্য উ: গ

৯৭. **'না মরে পাষাণ বাপ দিলা হেন বরে।' 'বরে' শব্দটির কারক ও বিভক্তি?**
ক. কর্মে ৭মী খ. সম্প্রদানে ৭মী গ. অধিকরণে ২য়া ঘ. অধিকরণে ৭মী উ: ক

৯৮. **'বসন্তে বসন্তে তোমার কবিরে দাও ডাক।'– এ বাক্যে 'বসন্তে বসন্তে' কোন কারক?**
ক. করণ কারক খ. অধিকরণ গ. কর্ম ঘ. অপাদান উ: খ

৯৯. **'বুলবুলিতে ধান খেয়েছে'– এই বাক্যের 'বুলবুলিতে' শব্দে কোন কারকে ও কোন বিভক্তি রয়েছে?**
ক. করণে ৭মী খ. অধিকরণে ৭মী গ. কর্তৃকারকে ৭মী ঘ. অপাদানে ৭মী উ: গ

১০০. **বাবা বাড়ি নেই– বাক্যটিতে 'বাড়ি' কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্মে শূন্য খ. কর্তৃকারকে শূন্য গ. অধিকরণে শূন্য ঘ. অপাদানে শূন্য উ: গ

১০১. **'বাবাকে বড় ভয় পাই'– চিহ্নিত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্মে ২য়া খ. কর্মে ৪র্থী গ. অপাদানে ২য়া ঘ. অপাদানে ৫মী উ: গ

১০২. **কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ?**
ক. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক খ. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক গ. ভিক্ষুককে ভিক্ষা দাও ঘ. কোনোটিই নয় উ: গ

১০৩. **'ভাইয়ে ভাইয়ে বেশি মিল' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) : ১৩]
ক. কর্তায় ১মা খ. কর্তায় ২য়া গ. কর্তায় ৭মী ঘ. কর্মে ২য়া উ: গ

১০৪. **'মন দিয়া কর সবে বিদ্যা উপার্জন।' বাক্যে নিম্নরেখাঙ্কিত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. অপাদানে তৃতীয়া গ. করণে পঞ্চমী ঘ. করণে তৃতীয়া উ: ঘ

১০৫. **'মসজিদে টাকা দাও' এ বাক্যে 'মসজিদে' কোন কারকে কোন বিভক্তি?**
ক. সম্প্রদানে ৭মী খ. অধিকরণে ৭মী গ. করণে ৭মী ঘ. কর্মে ৭মী উ: ক

১০৬. **'লাঠির আঘাতে সাপটি মারা পড়ল।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে ষষ্ঠী খ. কর্মকারকে ষষ্ঠী গ. করণ কারকে ষষ্ঠী ঘ. অপাদান কারকে ষষ্ঠী উ: গ

১০৭. **'চোরের মাথায় লাঠি মার।' এ বাক্যে 'লাঠি' কোন কারক?**
ক. করণ কারক খ. কর্মকারক গ. কর্তৃকারক ঘ. অপাদান কারক উ: ক

১০৮. **'তাহলে তুমি লাঠি খেলতে জান না' এখানে 'লাঠি' কোন কারক ও বিভক্তি?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক. কর্তায় তৃতীয়া খ. কর্মে প্রথমা গ. করণে তৃতীয়া ঘ. করণে প্রথমা উ: ঘ

১০৯. **'শরতের ধরাতল শিশিরে ঝলমল।'– পঙ্ক্তিটির 'শিশিরে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. অধিকরণে ৭মী খ. অপাদানে ৭মী গ. কর্মে ৭মী ঘ. করণে ৭মী উ: ঘ

১১০. **অল্প শোকে কাতর – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (শিউলি) : ১১]
ক. কর্তৃকারকে ২য়া খ. করণ কারকে ৭মী গ. অপাদান কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী উ: খ

১১১. **'ঝিনুকে মুক্তা পাওয়া যায়।' বাক্যে 'ঝিনুকে' কোন কারক?**
ক. কর্তা খ. করণ গ. অপাদান ঘ. অধিকরণ উ: গ

১১২. **"বর্ষাকালে সাপের ভয়" 'সাপের' কোন কারকে কোন বিভক্তি?**
ক. করণে ষষ্ঠী খ. অধিকরণে ষষ্ঠী গ. সম্প্রদানে ষষ্ঠী ঘ. অপাদানে ষষ্ঠী উ: ঘ

১১৩. **"সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা" 'সন্ধ্যারাগে' কোন কারক?**
ক. কর্ম খ. করণ গ. অধিকরণ ঘ. অপাদান উ: গ

১১৪. **'সর্বশিষ্যে জ্ঞান দেন গুরুমহাশয়।'– এটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তায় ৭মী খ. সম্প্রদানে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. কর্মে ৭মী উ: খ

১১৫. **'আমার স্বপ্ন আধো জাগরণ।' 'স্বপ্ন' শব্দটির কারক ও বিভক্তি?**
ক. করণে শূন্য খ. অপাদানে শূন্য গ. কর্মে শূন্য ঘ. কোনোটিই নয় উ: গ